বর্ডার গার্ড বাংলাদেশ
প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা : ০২ মে ২০২৩

বিজিবি'র অভিযানে এপ্রিল-২০২৩ মাসে ২৭২ কোটি ৩১ লক্ষাধিক টাকার চোরাচালান পণ্যসামগ্রী জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত এপ্রিল-২০২৩ মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ২৭২ কোটি ৩১ লক্ষ ৫০ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান পণ্যসামগ্রী এবং অস্ত্র ও গোলাবারুদ জব্দ করতে সক্ষম হয়েছে।

জব্দকৃত চোরাচালান দ্রব্যের মধ্যে রয়েছে ৩৩ কেজি ৭৯৯ গ্রাম স্বর্ণ, ১৬ কেজি ৯৮৫ গ্রাম রূপা, ২,৯৭,০৪৩টি কসমেটিক্স সামগ্রী, ৯,৬৫৬টি ইমিটেশন গহনা, ২৬,৯৪৩টি শাড়ী, ৯,৩২৭টি থ্রিপিস/ শার্টপিস/ চাদর/কম্বল, ৫,৪১৭টি তৈরী পোশাক, ৩,৩৯০ ঘনফুট কাঠ, ৩,৩৯৭ কেজি চা পাতা, ৭৫,৪৯০ কেজি কয়লা, ২,১৯৮ কেজি কারেন্ট/সুতার জাল, ৩টি কষ্টি পাথরের মূর্তি, ৪টি ট্রাক/কাভার্ডভ্যান, ৬টি পিকআপ, ১৩টি প্রাইভেটকার, ২৪টি সিএনজি/ইজিবাইক এবং ৭৪টি মোটরসাইকেল।

উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ২টি পিস্তল, ১টি বন্দুক, ৪টি ম্যাগাজিন, ০৩টি সকল প্রকার গান, ৩১টি পেট্রোল বোমা এবং ১১ রাউন্ড গুলি।

এছাড়াও গত মাসে বিজিবি কর্তৃক বিপুল পরিমাণ মাদকদ্রব্য জব্দ করা হয়েছে। জব্দকৃত মাদক ও নেশাজাতীয় দ্রব্যের মধ্যে রয়েছে ১১,০১,৬১৯ পিস ইয়াবা ট্যাবলেট, ২৬ কেজি ৪১৮ গ্রাম ক্রিস্টাল মেথ আইস, ১৯ কেজি ৯০৫ গ্রাম হেরোইন, ২৩,৪৩৭ বোতল ফেনসিডিল, ২২,৯০৩ বোতল বিদেশী মদ, ৪,৮৫৯ ক্যান বিয়ার, ১,৮৪৩ কেজি গাঁজা, ৫,৯৭,১৭৫ প্যাকেট বিড়ি ও সিগারেট, ১৯,২৯২টি নেশাজাতীয় ইনজেকশন, ৬,২৪৮টি এ্যানেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট, ৪,৭৬৬টি ইস্কাফ সিরাপ, ১,১৭৯ বোতল এমকেডিল /কফিডিল, ১৩,২১,০৫৬ পিস বিভিন্ন প্রকার ঔষধ এবং ২,১৫,৮৫০টি অন্যান্য ট্যাবলেট।

সীমান্তে বিজিবি'র অভিযানে ইয়াবাসহ বিভিন্ন প্রকার মাদক পাচার ও অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ১৩৭ জন চোরাচালানীকে এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ২৬ জন বাংলাদেশী নাগরিক ও ৮ জন ভারতীয় নাগরিককে আটকের পর তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
মোঃ শরীফুল ইসলাম, পিবিজিএমএস
জনসংযোগ কর্মকর্তা
মোবাইল: ০১৭৬৯৬০০৩৩৮

প্রতি :

১। ডিউটি অফিসার, সংবাদ কক্ষ, তথ্য অধিদপ্তর, ঢাকা।

২। সম্পাদক/চীফ রিপোর্টার.....(জাতীয় দৈনিক/অনলাইন পত্রিকা/টিভি চ্যানেল), ঢাকা।